



# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড


প্রধান কার্যালয়, গ্রিন সিটি এজ (৫ম ও ৬ষ্ঠ তলা)

৮৯, কাকরাইল, ঢাকা- ১০০০।

## বিজ্ঞপ্তি

**“সুদ মওকুফ/নিষ্পত্তি সুবিধা-২০২৫” এর আওতায় অনাবেদনকৃত বিনিয়োগ হিসাবসমূহের চূড়ান্ত নিষ্পত্তি প্রসঙ্গে।**

আইসিএমএল এর সম্মানিত বিনিয়োগ হিসাবধারকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীগণের স্বার্থে কোম্পানির পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে ৩১.০৩.২০২৫ তারিখ স্থিতিভিত্তিক ২০% এর অধিক সম্পদ ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাবে সুদ মওকুফ ও নিষ্পত্তি সুবিধা-২০২৫ প্রদান করা হয়। পরবর্তীতে বাজার পরিস্থিতি, গ্রাহকগণের আবেদন ইত্যাদি বিবেচনায় নিয়ে বর্ণিত সুবিধার মেয়াদ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে একাধিকবার বৃদ্ধি করা হয় এবং সর্বশেষ মেয়াদ ২৫.০৩.২০২৬ তারিখে উত্তীর্ণ হয়। এতদ্বিষয়ে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায়, আইসিএমএল এর নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে বিজ্ঞপ্তি একাধিকবার প্রকাশ করা হয়। এছাড়া, বর্ণিত সুবিধার আওতাভুক্ত বিনিয়োগকারীগণের অনুকূলে পত্র প্রেরণ, নিবন্ধিত ই-মেইল ও মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে একাধিকবার যোগাযোগ করা হয়। এরপরও অনেক বিনিয়োগকারী আবেদন/যোগাযোগ করেননি। অনাবেদনকৃত বিনিয়োগ হিসাবের তালিকা কোম্পানির ওয়েবসাইটে ([www.icml.com.bd](http://www.icml.com.bd) ও [www.icml.gov.bd](http://www.icml.gov.bd)) প্রকাশ করা হয়েছে। কোম্পানির পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী যে সকল বিনিয়োগ হিসাবধারী সর্বশেষ নির্ধারিত সময় ২৫.০৩.২০২৬ তারিখের মধ্যে আবেদন করেননি তাদের বিনিয়োগ হিসাবস্থিত সিকিউরিটিজ বিক্রয়পূর্বক সম্পদ ঘাটতি/ঋণ সমন্বয় করে বিনিয়োগ হিসাবসমূহ বন্ধ করে চূড়ান্তভাবে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, আগামী ৩০.০৬.২০২৬ তারিখের মধ্যে অনাবেদনকৃত বিনিয়োগকারীগণকে সমদুয় ঋণ সমন্বয়ের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বিনিয়োগ হিসাবসমূহে স্থিত সিকিউরিটিজ বিক্রয় করে হিসাবসমূহ বন্ধ করা হবে। উল্লেখ্য, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ পরিপালনের লক্ষ্যে সম্পদ ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাব থাকার বিধান নেই।

  
২০.০৫.২০২৬

**(সুকুং কুমার দেবনাথ)**

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ ০২-৮৩০০৩৭৯

ই-মেইল : [dceo\\_merch@icml.com.bd](mailto:dceo_merch@icml.com.bd)